



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া



কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১

www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com

ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৮৮১৩৫৮৫, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯৯০২০৭৯

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ৯ই আশ্বিন ১৪৩০
২৪শে সেপ্টেম্বর ২০২৩

এতদ্বারা সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'য় ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদেরকে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তি প্রক্রিয়া সম্পন্নের জন্য প্রথমে কলেজ ওয়েবসাইটে (ahcollege.gov.bd) প্রবেশ করে PAYMENT অপশনে ক্লিক করতে হবে। তারপর ADMISSION & FORMFILLUP এ ক্লিক করে HIGHER SECONDARY মেনুতে থেকে APPLY NOW এ ক্লিক করতে হবে। সেখানে বিভাগ, বোর্ড ও SSC পরীক্ষার রোল প্রদান করে তা VERIFY করলে ভর্তির আবেদন ফরম আসবে। সেটি অনলাইনে পূরণ করে ekpay পেইন্ট গেটওয়ের মাধ্যমে যেকোন মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং ও ব্যাংক কার্ড ব্যবহার করে ভর্তি ফি জমা দিতে হবে। ভর্তি ফি জমা দেবার পর SAVE বাটনে ক্লিক করে অনলাইন ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। তারপর উক্ত ফরমটি ডাউনলোড করে নিম্নবর্ণিত কাগজপত্র সহকারে নির্ধারিত তারিখ ও সময়ে কলেজের উচ্চমাধ্যমিক ভবন (পুরাতন ভবন)-এ জমা দিতে হবে। উক্ত ফরম এর একটি কপি শিক্ষার্থীদেরকে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

ভর্তির তারিখ, সময় ও স্থান: ২৬/০৯/২০২৩ খ্রি. হতে ০৫/১০/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বেলা ০২:০০ টা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) উচ্চ মাধ্যমিক ভবন (পুরাতন ভবন)

কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির তারিখ : ০১/১০/২০২৩ খ্রি. তারিখে কোটায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের কোটার স্বপক্ষে যাবতীয় মূল প্রমাণপত্র প্রদর্শন করে এক সেট ফটোকপি সত্যায়িত করে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।


ভর্তি ফি'র বিবরণ ও পরিমাণ

ক্রমিক নং	তহবিলের নাম	টাকার পরিমাণ
১	ভর্তি ফি	২০.০০
২	এক বছরের বেতন	২৪০.০০
৩	বোর্ড অন্তর্ভুক্ত ফি	৮৫.০০
৪	ধর্মীয় অনুষ্ঠান তহবিল	৩০.০০
৫	সাহিত্য ও সংস্কৃতি তহবিল	৪০.০০
৬	বহিঃ ক্রীড়া তহবিল	৩০.০০
৭	অভ্যন্তরীণ ক্রীড়া ও কমন রুম তহবিল	৩০.০০
৮	ম্যাগাজিন তহবিল	২০.০০
৯	পরিচিতি পত্র তহবিল	৩০.০০
১০	রোভার স্কাউট তহবিল	২৫.০০
১১	বি.এন.সি.সি তহবিল	৪০.০০
১২	রেড ক্রিসেন্ট তহবিল	২০.০০
১৩	উন্নয়ন তহবিল	১৫০.০০
১৪	লাইব্রেরি তহবিল	২৫.০০
১৫	মসজিদ তহবিল	৪০.০০
১৬	পরিবহন/বাস তহবিল	২৭৫.০০
১৭	কল্যাণ/দরিদ্র তহবিল	২০.০০
১৮	অত্যাৱশ্যকীয় কর্মচারী তহবিল	৬০০.০০
১৯	চিকিৎসা ভাতা তহবিল	২০.০০
২০	ল্যাবরেটরি তহবিল	১০০.০০
২১	আইসিটি তহবিল	২০.০০
২২	বিবিধ তহবিল	৮০.০০
২৩	ব্যবস্থাপনা ফি	৫০.০০
মোট=		১,৯৯০/-

বি. দ্র. ছাত্রদের ১,৯৯০/- (এক হাজার নয়শত নব্বই) টাকা এবং ছাত্রীদের (১,৯৯০ - ২৪০) = ১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা পরিশোধ করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র:

১. কলেজের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ভর্তি ফরম ০১ (এক) কপি
২. এসএসসি পরীক্ষার নম্বরপত্রের অনলাইন কপি
৩. এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট। একাডেমিক ট্রান্সক্রিপ্ট না থাকলে রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের মূল কপিসহ ফটোকপি ০১ টি
৪. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০১ টি
৫. শিক্ষার্থীর ডিজিটাল (অনলাইন) জন্মসনদের ফটোকপি ০১টি
৬. পিতা ও মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ০১টি করে


২৪/০৯/২০২৩

প্রফেসর মো: শাহজাহান আলী (৪৯৯০)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রফেসর মো: শাহজাহান আলী (৪৯৯০)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।